



জনসংযোগ উপবিভাগ

বাংলা একাডেমি

ঢাকা ১০০০ ফোন : ৫৮৬১১২৪৮ ফ্যাক্স : ৯৬৬১০৮০

ই-মেইল : banglaacademy.pr@gmail.com, bacademy55@gmail.com

ওয়েব সাইট : www.banglaacademy.gov.bd

পত্র সংখ্যা :

তারিখ : ২৬.১২.২০১৯

সংবাদ বিজ্ঞপ্তি

বাংলা একাডেমির সাধারণ পরিষদের ৪২তম বার্ষিক সভা ২০১৯

বাংলা একাডেমির সাধারণ পরিষদের ৪২তম বার্ষিক সভা আগামী ১৩ই পৌষ ১৪২৬/২৮শে ডিসেম্বর ২০১৯ শনিবার বাংলা একাডেমি প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে।

শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যার পরিচালনায় সংগীত সংগঠন 'সুরের ধারা'-এর শিল্পীদের সমবেত কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশনার মধ্য দিয়ে সকাল ৯:০০টায় দিনব্যাপী সাধারণ সভার মূল কার্যক্রম শুরু হবে। সভায় বাংলা একাডেমির মহাপরিচালক হাবীবুল্লাহ সিরাজী ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন উপস্থাপন করবেন এবং একাডেমির সচিব মোহাম্মদ আনোয়ার হোসেন ২০১৮-২০১৯ অর্থবছরের বাজেট অবহিত করবেন।

বেলা ১১:১৫টায় বাংলা একাডেমি পরিচালিত পাঁচটি পুরস্কার- সাহিত্যিক মোহাম্মদ বরকতুল্লাহ প্রবন্ধসাহিত্য পুরস্কার ২০১৯, ময়হারুল ইসলাম কবিতা পুরস্কার-২০১৯, সা'দত আলি আখন্দ সাহিত্য পুরস্কার ২০১৯, মেহের কবীর বিজ্ঞানসাহিত্য পুরস্কার ২০১৯, হালীমা-শরফুদ্দীন বিজ্ঞান পুরস্কার ২০১৯ এবং ১১:৫০টায় দেশের নানাক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য ৭ জন বিশিষ্ট ব্যক্তিকে বাংলা একাডেমি সম্মানসূচক ফেলোশিপ ২০১৯ প্রদান করা হবে।

বার্ষিক সাধারণ সভায় সভাপতিত্ব করবেন বাংলা একাডেমির সভাপতি জাতীয় অধ্যাপক আনিসুজ্জামান।

বাংলা একাডেমি সম্মানসূচক ফেলোশিপ ২০১৯

আগামী ১৩ই পৌষ ১৪২৬/২৮শে ডিসেম্বর ২০১৯ শনিবার দেশের নানাক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদানের জন্য নিম্নোক্ত ৭ জন বিশিষ্ট ব্যক্তিকে বাংলা একাডেমি সম্মানসূচক ফেলোশিপ ২০১৯ প্রদান করা হবে-

১. সৈয়দ আনোয়ার হোসেন-শিক্ষা ও গবেষণা
২. শেখ মোহাম্মদ শহীদুল্লাহ- প্রকৌশল
৩. জাতীয় অধ্যাপক ব্রিগেডিয়ার (অব.) আব্দুল মালিক- চিকিৎসাসেবা
৪. কুমুদিনী হাজং- সমাজসেবা
৫. কাজলিনী সুফিয়া- সংগীত
৬. আলী যাকের- সংস্কৃতি
৭. আসাদুজ্জামান নূর- সংস্কৃতি

অপরেশ কুমার ব্যানার্জী

পরিচালক

জনসংযোগ, তথ্যপ্রযুক্তি ও প্রশিক্ষণ বিভাগ